গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নেত্রকোণা সদর, নেত্রকোণা
www.netrokonasadar.netrokona.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৫.৭২৭৪.০০০.০১৪.০০২.১৯- ৯০৭

তারিখ: মাঘ ১৪৩১
জানুয়ারি ২০২৫

বিষয় : জানুয়ারি ২০২৫ মাসের মাসিক সাধারণ সভার নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদের জানুয়ারি ২০২৫ মাসের মাসিক সাধারণ সভা আগামী ২৯ জানুয়ারি ২০২৫ তারিখ রোজ বুধবার বেলা ১১.০০ টায় জনাব আসমা বিনতে রফিক, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব), উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা এর সভাপতিত্বে নেত্রকোণা সদর উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় বিভাগীয় কর্মকাণ্ডের অগ্রগতির বিবরণীসহ নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচি :
১. বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
২. বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা।
৩. কমিটির সুপারিশসমূহ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৪. আইন, বিধি, সার্কুলার ও প্রজ্ঞাপন অবহিতকরণ।
৫. আয় ও ব্যয়ের হিসাব বিবরণী উপস্থাপন, আলোচনা ও সিদ্ধান্ত।
৬. ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপি প্রকল্প চূড়ান্তকরণ বিষয়ক আলোচনা।

২৬/০১/২৫
(আসমা বিনতে রফিক)
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ফোন- ০৯৫১-৬১৫৭৬

০১. জনাব................................চেয়ারম্যান
............................ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর,
নেত্রকোণা।
০২. উপজেলা.......................................অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা। সংশ্লিষ্ট সভার আলোচনার জন্য বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন এ অফিসে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:
০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
০৫. অফিস কপি।

CamScanner

নেত্রকোণা সদর উপজেলা পরিষদের ডিসেম্বর ২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি : আসমা বিনতে রফিক, প্রশাসক, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভার তারিখ : ১৮.১২.২০২৪

সভার সময় : বেলা ১১.০০ ঘটিকা

সভা নং : ০৭

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট ক ও খ দ্রষ্টব্য :

প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা কর্তৃক সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোনো প্রকার সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

| ক্র নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় প্রকল্প তালিকা চূড়ান্তকরণের নিমিত্ত নীতিমালা অনুযায়ী প্রকল্প গ্রহণক্রমে আগামী ৩০.১২.২০২৪ খ্রি. তারিখের মধ্যে ইউপি সভার কার্যবিবরণীসহ তালিকা প্রেরণ করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | (ক) ২০২৪-২০২৫ অর্থ বছরের (বার্ষিক উন্নয়ন কর্মসূচি) এডিপি ও উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় বরাদ্দকৃত অর্থ দ্বারা প্রকল্প গ্রহণের নিমিত্ত আগামী ৩০.১২.২০২৪ খ্রি. তারিখের মধ্যে ইউপি সভার কার্যবিবরণীসহ উন্নয়ন প্রকল্পের তালিকা প্রেরণ করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী নেত্রকোণা সদর নেত্রকোণা ও সংশ্লিষ্ট চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| ২. | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, তার দপ্তরের দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। প্রতিমাসে নিয়মিত স্কুল পরিদর্শন করা হয়। বিদ্যালয়ে নিয়মিত শিক্ষকদের ও ছাত্র-ছাত্রীদের উপস্থিতি মনিটরিং করা হচ্ছে। ডেঙ্গু মশাবাহিত রোগ নিয়ন্ত্রণে বিদ্যালয়ের আশ-পাশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। শিমুলজানি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণ হচ্ছে। উক্ত স্কুলে গাছ কাটার জন্য উপজেলা প্রকৌশলী মহোদয় পত্র প্রেরণ করেছেন। | (ক) নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করে আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>(খ) বিদ্যালয়ে যথাসময়ে শিক্ষকদের উপস্থিতি নিশ্চিত করত হবে।<br>(গ) শিক্ষার্থীদের ঝড়ে পড়া রোধ করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) বিদ্যালয়ের আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঙ) যে সকল বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি নেই সে সকল বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি দ্রুত গঠনের পদক্ষেপ নিতে হবে।<br>(চ) যে সকল প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক অকেজো আছে তা সরেজমিন পরিদর্শনপূর্বক তালিকা প্রস্তুত করে উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী বরাবর প্রেরণ করতে হবে।<br>(ছ) বিদ্যালয়ের জরাজীর্ণ ভবন এবং ঝড়ে পড়ে যাওয়া গাছ নিলামে বিধি মোতাবেক বিক্রয় করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার নেত্রকোণা সদর |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে খরিপ-২ রোপা আমন কর্তন সফলভাবে সম্পন্ন হয়েছে। তার মধ্যে হাইব্রিড-১১০০ হেক্টর, উফশী-১৭৫২৫ হেক্টর, স্থানীয়-০০, হেক্টর মোট ১৮,৬২৫ হেক্টর। ফলন হাইব্রিড-৪.০৫ মে.টন (চাউল), উফশী-৩.০৫ মে.টন (চাউল)। গড় ফলন ৩.০৬ মে.টন (চাউল)। মোট উৎপাদন ১৩১৪৭.২০ মে.টন (চাউল)। ২০২৪-২০২৫ অর্থ বছরে বোরো বীজতলার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে, হাইব্রীড-২০২, হেক্টর, উফশী-৮৩৮ হেক্টর, মোট ১০৪০ হেক্টর।<br><br>২০২৪-২০২৫ অর্থ বছরে রবি মৌসুমে পুনর্বাসন কর্মসূচি শাকসবজি আবাদের জন্য ২০০০ জনকে বীজ বিতরণ করা হয়েছে। উপসহকারী কৃষি অফিসারগণ মাঠে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে যাচ্ছেন।<br><br>তিনি আরও জানান যে, ১৭.১২.২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত রাসায়নিক সার ইউরিয়া-৪৭২ মে.টন, টিএসপি-১৪২, মে. টন, এমওপি-৫১৫ মে.টন, ডিএপি-৬৮২ মে.টন মজুদ আছে। উপসহকারী কৃষি অফিসারগণ ইউনিয়নের সারের দোকান নিয়মিত মনিটরিং করে যাচ্ছেন। | (ক) সার ও বীজের কৃত্রিম সংকট যেন না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণের পরামর্শ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) কৃষি উৎপাদন (ধান, সরিষা, শাক সবজি, ফলমূল, পাট) বাড়াতে কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) ইউনিয়নওয়ারি বিভিন্ন প্রকার সার কি পরিমাণ মজুদ আছে তা সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঙ) সারের বরাদ্দ ও বিতরণের তথ্যাদি ইউনিয়ন পরিষদের হোয়াটস্ অ্যাপস গ্রুপে প্রদান করতে হবে। | উপজেলা কৃষি অফিসার নেত্রকোণা সদর |
| ৪. | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, গবাদি পশুর টিকা ১৬৩২ মাত্রা, হাঁস-মুরগীর টিকা-৭৪৫০০ মাত্রা, গবাদি পশুর চিকিৎসা-৩১৩৩টি, হাসঁ-মুরগীর চিকিৎসা ২৮০৭০টি এবং কৃত্রিম প্রজনন-২৩৫৯ টি। | (ক) উপজেলায় কতটি গবাদি পশুর খামার আছে তার সঠিক সংখ্যা আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) গবাদি পশু মোটা তাজাকরণে রাসায়নিক দ্রব্য ব্যবহার প্রতিরোধে নিয়মিত মনিটরিং করতে হবে।<br>(গ) গবাদি পশুর রোগ ব্যাধি কমাতে, মাঠ পর্যায়ে খামারীদের নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার নেত্রকোণা সদর |
| ৫. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের টি.আর ও কাবিখার আওতায় কোনো বরাদ্দ পাওয়া যায়নি। ২০২৪-২০২৫ অর্থ বছরের শীতার্তদের কম্বল ক্রয়ের জন্য ৩,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ দ্বারা ৮০০টি কম্বল ক্রয় করা হয়েছে। ১২টি ইউনিয়ন পরিষদের ৫০টি করে কম্বল বিভাজন করা হয়েছে। অবশিষ্ঠ ২০০টি কম্বল উপজেলা নির্বাহী আফিসার মহোদয় বাড়ি বাড়ি গিয়ে শীতার্দদের মাঝে বিতরণ করছেন। তাছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২০২৩-২০২৪ অর্থ বছরের টি. আর ও কাবিখার আওতায় বাস্তবায়িত প্রকল্প মনিটরিং করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br><br>চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| ৬. | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান মৎস্য সুরক্ষায় মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন এর আওতায় জলাশয়ে অবৈধ বাঁধ অপসারণ কার্যক্রম চলমান রয়েছে।<br><br>তিনি জানান চল্লিশা ইউনিয়নে মগড়া নদীতে আগে অবৈধভাবে বাঁধ দিয়ে মাছ ধরত। কিন্তু এখন আর বাঁধ নেই। তাছাড়া নেত্রকোণা সদর উপজেলায় ৩৫টি মৎস্য খাবারের দোকান আছে। তিনি উক্ত দোকানগুলোতে মোবাইল কোর্ট করার জন্য অনুরোধ জানান। | (ক) মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) মৎস্য চাষ বাড়াতে সরেজমিন পরিদর্শন করে খামারীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে।<br>(গ) নদী, খাল ও মুক্ত জলাশয়ে নিষিদ্ধ জাল, মাছ ধরার উপকরণ ব্যবহার রোধে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার নেত্রকোণা সদর |



CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | | | (ঘ) ইউপি চেয়ারম্যানগণ জলাশয়ে অবৈধ বাঁধ অথবা স্থাপনা অপসারণের জন্য প্রয়োজনীয় তথ্য প্রদান করবেন। | |
| ৭. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান তার কার্যালয়ের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান নেত্রকোণা সদর উপজেলায় মোট সক্ষম দম্পতির সংখ্যা ৭৭৬৪০ জন এবং সর্বমোট পদ্ধতি গ্রহণকারী ৫৯,৭২০ জন। তবে জন্ম নিয়ন্ত্রণ সামগ্রী সরবরাহের ক্ষেত্রে কিছুটা ঘাটতি রয়েছে। চাহিদার তুলনায় সরবরাহ কম আছে। যা দ্রুতই স্বাভাবিক অবস্থায় চলে আসবে মর্মে আশাবাদ ব্যক্ত করা হয়। | (ক) বিভিন্ন ইউনিয়নে পরিবার পরিকল্পনা পদ্ধতির আওতায় কি কি কাজ চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যাদি সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) বিভিন্ন ইউনিয়নে কতটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র/ স্যাটেলাইট ক্লিনিক রয়েছে এবং প্রতিটি কেন্দ্রে ডাক্তার আছে কিনা তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) প্রতিটি স্যাটেলাইট ক্লিনিকে নরমাল ডেলিভারির তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) প্রতিটি ক্লিনিকে জাতীয় পতাকা যথাযথভাবে উত্তোলন করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা নেত্রকোণা সদর |
| ৮. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান মৃত ভাতাভোগীর স্থলে নতুন ভাতাভোগী প্রতিস্থাপনের জন্য ইতোমধ্যে যারা অনলাইনে আবেদন করেছেন তাদের দ্বারা প্রতিস্থাপন করতে হবে। | (ক) উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তা ভাতা ও প্রতিবন্ধী ভাতার ইউনিয়ন ভিত্তিক সংখ্যা সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদনগুলোর পে-রোল রাখতে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার নেত্রকোণা সদর<br><br>চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| ৯. | উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিরি আরও জানান মা ও শিশুর সহায়তা কর্মসূচির আওতায় মাসে প্রতিটি ইউনিয়নে ০৯ জনকে সহায়তা প্রদান করা হচ্ছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ইউনিয়ন থেকে প্রেরিত তালিকা নভেম্বর পর্যন্ত সম্পূর্ণ হয়েছে। প্রতিটি ইউনিয়নে একটি করে কিশোর-কিশোরী ক্লাব চলমান আছে। প্রতিটি ক্লাবে ২০ জন করে কিশোরী ও ১০ জন কিশোর সদস্য রয়েছে। যাদের বয়স ১০ থেকে ১৯ বছর। আগামী ২০২৫ সালে নতুন করে সদস্য ভর্তি কার্যক্রম চালু হবে। | (ক) ভিডব্লিউবি কার্যক্রমে যাতে জটিলতা সৃষ্টি না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) প্রতিমাসে প্রত্যেক ইউনিয়নে একটি করে বাল্য বিবাহ প্রতিরোধ সভা করতে হবে।<br>(গ) কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম সচল রাখতে হবে এবং কতটি কিশোর কিশোরী ক্লাব আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে। যেসকল কিশোর কিশোরী ক্লাবে বিভিন্ন পদ শূন্য রয়েছে তা জরুরি ভিত্তিতে পূরণ করতে হবে।<br><br>(ঘ) মা ও শিশু সহায়তা কর্মসূচির ভাতাভোগীদের নামের তালিকা ইউনিয়ন কমিটি থেকে উপজেলা কমিটিতে দ্রুত পাঠাতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নেত্রকোণা সদর<br><br>চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |

CS CamScanner

<table>
<tr><td>১০</td><td>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ</td><td>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণা সদর জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চলতি অর্থবছরে গভীর নলকূপের নতুন বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত নলকূপগুলো স্থাপনের জন্য আবেদন গ্রহণ কার্যক্রম চলমান রয়েছে। উক্ত আবেদনগুলো উপজেলা কমিটির মাধ্যমে যাচাই-বাছাই সাপেক্ষে নলকূপগুলো স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হবে।</td><td>গভীর নলকূপসমূহ যথাযথভাবে স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য অধিদপ্তর নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১১</td><td>পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের আওতায় উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি, আবর্তক (কৃষি) ঋণ কর্মসূচি, সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি (সদাবিক), পল্লী প্রগতি কর্মসূচি, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ (এসএমই) কর্মসূচি, বীর মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচির কার্যক্রম চলমান। বর্ণিত কার্যক্রমসমূহের অগ্রগতি নিম্নরূপ :
<table>
<tr><th>কার্যক্রম</th><th>২০২৪-২০২৫ অর্থবছরে অগ্রগতি</th><th>ক্রমপুঞ্জিত অগ্রগতি</th></tr>
<tr><td>সমিতি/দলগঠন</td><td>-</td><td>২৮২টি</td></tr>
<tr><td>উপকারভোগী/সদস্য ভর্তি</td><td>-</td><td>৭০৭৬ জন</td></tr>
<tr><td>পুঁজি গঠন (শেয়ার ও সঞ্চয় আদায়)</td><td>৩.৭০ লক্ষ</td><td>১০২.৪৯ লক্ষ</td></tr>
<tr><td>প্রশিক্ষণপ্রদান</td><td>-</td><td>৩০৭০ জন</td></tr>
<tr><td>ঋণবিতরণ</td><td>৭২.১৬ লক্ষ</td><td>২১৮২.০৯ লক্ষ</td></tr>
<tr><td>ঋণআদায়</td><td>৩৬.৬৪ লক্ষ</td><td>১৮৮৩.৩৯ লক্ষ</td></tr>
<tr><td>ক্ষুদ্র স্কিম বাস্তবায়ন</td><td>-</td><td>৪৮ টি</td></tr>
</table></td><td>(ক) বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) যেসকল আশ্রয়ণ প্রকল্পে এখনও সমিতি গঠন করা হয়নি সেসকল আশ্রয়নে সমিতি গঠন করতে হবে।</td><td>পল্লী উন্নয়ন কর্মকর্তা নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১২</td><td>সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, নবনির্মিত ০৫টি আশ্রয়ণ প্রকল্পে সমবায় সমিতি গঠন করা হয়েছে। প্রকল্প থেকে বরাদ্দ না থাকায় অন্যান্য আশ্রয়ণ প্রকল্পে এখনও সমিতি গঠন করা সম্ভব হয়নি।</td><td>আশ্রয়ণ প্রকল্প হতে নির্মিত আশ্রয়ণ প্রকল্পসমূহে সমিতি গঠন করা হয়েছে কিনা এবং ঋণ বিতরণ করা হয়েছে কিনা তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।</td><td>উপজেলা সমবায় অফিসার নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৩</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ওএমএস ও খাদ্যবান্ধব কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে ২২১৩ মে.টন চাল ও ৩০০ মে.টন গম মজুদ আছে। তছাড়া ১৭ নভেম্বর ২০২৪ হতে ২৮ ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত আমন ফসল সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। তার মধ্যে ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১২৮৩ মে.টন, চাল (সিদ্ধ) ৯১৫৭ মে.টন এবং চাল (আতপ) ১৬৯৯ মে.টন। কিন্তু ধানের রেট বেশি থাকায় লক্ষ্যমাত্রা অনুযায়ী চাল সংগ্রহ করা সম্ভব হচ্ছে না।</td><td>(ক) বর্তমানে কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য ও খাদ্যশস্য কি পরিমাণ মজুদ আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) ওএমএস চাল বিতরণের সময় প্রত্যেক ডিলারের কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে হবে।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৪</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিস</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি নিম্নরূপভাবে তার দপ্তরের কার্যক্রম উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্র নং</th><th>বিবরণ</th><th>কার্যক্রম</th></tr>
<tr><td>১</td><td>বরাদ্দকৃত মূলধন</td><td>২,৩১,৮,৮০০/-</td></tr>
<tr><td>২</td><td>মোট বিতরণকৃত ঋণের পরিমাণ</td><td>৩,২৭,৬৭,০০০/-</td></tr>
<tr><td>৩</td><td>চলতি অর্থ বছরে বিতরণ</td><td>১,১৬,০০০০০/-</td></tr>
<tr><td>৪</td><td>বিবেচ্য মাসে বিতরণ</td><td>৫,৭০,০০০/-</td></tr>
<tr><td>৫</td><td>আদায়যোগ্য ক্রমপুঞ্জিত</td><td>২,৬৪,৯২,৩৭১/-</td></tr>
<tr><td>৬</td><td>আদায়কৃত ক্রমপুঞ্জিত</td><td>২৫,৭৬,৩৩,৬২৭/-</td></tr>
<tr><td>৭</td><td>আদায়ের হার</td><td>৯৮%</td></tr>
<tr><td>৮</td><td>আদায়যোগ্য চলমান</td><td>১,৯০,০০০/-</td></tr>
<tr><td>৯</td><td>আদায়কৃত চলমান</td><td>১,৯০,০০০/-</td></tr>
<tr><td>১০</td><td>আদায়ের হার</td><td>৯১%</td></tr>
<tr><td>১১</td><td>মেয়াদ উর্ত্তীণ খেলাপি ঋণের পরিমাণ</td><td>১৬,১৯,১৮৫/-</td></tr>
<tr><td>১২</td><td>ঋণ খেলাপি আদায়</td><td>-</td></tr>
</table></td><td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নেত্রকোণা সদর</td></tr>
</table>

CamScanner

<table>
<tr><td></td><td></td><td><table><tr><td>১৩</td><td>কিস্তি খেলাপি পরিমাণ</td><td>১৮,৮৭৫/-</td></tr><tr><td>১৪</td><td>কিস্তি খেলাপি আদায়</td><td>-</td></tr><tr><td>১৫</td><td>মোট উপকার ভোগীর সংখ্যা</td><td>৫৯৭ জন</td></tr><tr><td>১৬</td><td>মোট ঋণ সংখ্যা</td><td>৮০১ জন</td></tr><tr><td>১৭</td><td>চলমান ঋণ সংখ্যা</td><td>১০২ জন</td></tr><tr><td>১৮</td><td>চলতি বছরে প্রশিক্ষণার্থীর সংখ্যা</td><td>৬০ জন</td></tr><tr><td>১৯</td><td>ক্রমপুঞ্জিত প্রশিক্ষণার্থীর সংখ্যা</td><td>৬৩০৫ জন</td></tr><tr><td>২০</td><td>চলতি অর্থ বছরে আত্মকর্মীর সংখ্যা</td><td>৩৬ জন</td></tr><tr><td>২১</td><td>ক্রমপুঞ্জিত আত্মকর্মীর সংখ্যা</td><td>৪১৫৮জন</td></tr></table></td><td></td><td></td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এর প্রতিনিধি জানান যে, উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন, স্কুল ও মাদ্রাসার শ্রেণি কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিতকরণ এবং মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। শ্রেণি শিক্ষকগণের তালিকা প্রেরণ সংক্রান্ত কার্যক্রমসহ সরকারি অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।</td><td>(ক) প্রতি মাসে ডিজিটাল ল্যাব পরিদর্শনপূর্বক বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) নিয়মিত বিদ্যালয়/মাদ্রাসা পরিদর্শন করতে হবে।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৬</td><td>পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসার জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাছাড়া তিনি আরও জানান ৪র্থ অর্থনৈতিক শুমারি ২০২৪ এর মূল তথ্য সংগ্রহ কার্যক্রম ২৬ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত চলবে। এ বিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।</td><td>(ক) কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে।<br>(খ) ৪র্থ অর্থনৈতিক শুমারির হালনাগাদ তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে।</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসার নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৭</td><td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন</td><td>উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা গত মাসের অগ্রগতি নিম্নলিখিতভাবে উপস্থাপন করেন।<table><tr><th>কার্যক্রমের নাম</th><th>বিতরণের পরিমাণ</th><th>আদায়যোগ্য</th><th>আদায়</th><th>আদায়ের হার</th></tr><tr><td>ক্ষুদ্র ঋণ</td><td>৫৮.০২</td><td>৮০.৪৪</td><td>৭৭.৬৯</td><td>৯৭%</td></tr><tr><td>নারী উদ্যোক্তা ঋণ</td><td>৫৭.৮০</td><td>৭১.২০</td><td>৬৯.১২</td><td>৯৭%</td></tr><tr><td>ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ</td><td>৪০.০০</td><td>৬৮.৫০</td><td>৬৮.৫০</td><td>১০০%</td></tr><tr><td>প্রণোদনা ২য় পর্যায়</td><td>০</td><td>২৬.২৮</td><td>২৫.৮০</td><td>৯৮%</td></tr><tr><td>মোট</td><td>১৫৫.৮২</td><td>২৪৬.৪২</td><td>২৪১.১১</td><td>৯৮%</td></tr></table>এছাড়াও এ কার্যালয় থেকে মাঠ পর্যায়ে সাপ্তাহিক প্রশিক্ষণ ফোরাম ও বিভিন্ন প্রকার সামাজিক প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে।</td><td>(ক) প্রশিক্ষণ কার্যক্রমের বিস্তারিত তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>(খ) ক্ষুদ্র ঋন গ্রহীতাদের কার্যক্রম তদারকি করতে হবে।</td><td>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৮</td><td>বন বিভাগ</td><td>প্রতিনিধি বন বিভাগ জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সরকারি জায়গা/কোনো প্রতিষ্ঠানের গাছ কর্তনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ উপজেলা নির্বাহী অফিসারের নিকট আবেদন দাখিল করার জন্য অনুরোধ জানান।</td><td>গাছ কর্তনের জন্য বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>উপজেলা বন সংরক্ষণ অফিসার</td></tr>
<tr><td>১৯</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক</td><td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নেত্রকোণা সদর সভায় জানান যে, পল্লী সঞ্চয় ব্যাংক এর খেলাপি ঋণ আদায়ের জন্য আইনি প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে।</td><td>(ক) বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করতে হবে।<br>(খ) ঋন খেলাপীদের তালিকা আগামী সভায় উপস্থাপন করতে হবে।</td><td>শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয়ী ব্যাংক নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>২০</td><td>স্বাস্থ্য বিভাগ</td><td>উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান যে, বর্তমানে জরায়ু ক্যান্সার মহামারী আকার ধারণ করছে। জরায়ু ক্যান্সার প্রতিরোধে ৫ম শ্রেণি হতে ৯ম শ্রেণি পর্যন্ত সকল বিদ্যালয়ের ছাত্রীদের বিনামূল্যে জরায়ু ক্যান্সার প্রতিরোধের ০১ (এক) ডোজ টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। মাদ্রসার শিক্ষার্থীদের টিকা প্রদানে সমস্যা হচ্ছে। জরায়ু ক্যান্সার টিকা প্রদানে নেত্রকোণা সদর উপজেলা ৬ষ্ঠ স্থানে রয়েছে।<br><br>তাছাড়া ইউনিয়ন কমিউনিটি ক্লিনিকগুলোতে বিনামূল্যে ২৭ ধরনের ঔষধ বিতরণ করা হচ্ছে। ইপিআই কেন্দ্রগুলোতে মাতৃসেবা কার্যক্রম</td><td>(ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে কি কি ধরনের ঔষধ বিনামূল্যে প্রদান করা হয় এবং কি কি সরকারি সেবা প্রদান করা হয় তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) উপজেলা কতগুলো কমিউনিটি ক্লিনিক আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে এবং কমিউনিটি</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা নেত্রকোণা সদর</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | চলমান রয়েছে।<br><br>চেয়ারম্যান, সিংহের বাংলা ইউপি জানান কান্দুলিয়া কমিউনিটি ক্লিনিকটি খুবই নোংরা। লোকজন সঠিক সেবা থেকে বঞ্চিত হচ্ছে। এ বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ জানান। | ক্লিনিকগুলোতে বিনামূল্য কি কি সেবা ও ঔষধ প্রদান করা হয় তার তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) কমিউনিটি ক্লিনিকগুলোতে প্রোভাইডারগণের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>(ঘ) প্রতিমাসে অন্তত ০৩টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করে বিস্তারিত প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে। | |
| ২১ | উপজেলা পরিচালন ও উন্নয়ন | উপজেলা ফ্যাসিলিটেটর জানান স্থানীয় সরকারকে শক্তিশালীকরণের জন্য উপজেলা ওয়েব পোর্টাল আপডেট করতে হবে। তিনি উপজেলা পরিষদের মাসিক কার্যবিবরণী, এডিপি'র প্রতিবেদন, স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ও পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন এবং তা ওয়েব পোর্টালে আপডেট করার জন্য অনুরোধ জানান। | উপজেলা পরিষদের মাসিক কার্যবিবরণী, এডিপি'র প্রতিবেদন, স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ও পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন এবং তা ওয়েব পোর্টালে আপডেট করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি)<br><br>উপজেলা পর্যায়ে কর্মকর্তা (সকল)<br><br>ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২২ | জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের সরকার নির্ধারিত কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। তিনি জানান জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের তথ্য সংগ্রহের জন্য গ্রাম পুলিশদের কাজে লাগাতে হবে। প্রয়োজনে জন্ম-মৃত্যু নিবন্ধনের কার্যক্রমে এডিপি বরাদ্দের ১% অর্থ ব্যয় করা যাবে। | জন্ম ও মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে কার্যক্রম সরকার নির্ধারিত কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কার্যক্রম জোরদারকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| ২৩ | আয় ও ব্যয়ের হিসাব বিবরণী | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গত ০১.১১.২০২৪ তারিখ হতে ৩০.১১.২০২৪ তারিখ পর্যন্ত ব্যাংক বিবরণী মোতাবেক আয় ২১,৫৮,৯৯১/১৬, ব্যয় ২,৩৭,৯৪৬/- টাকা এবং স্থিতি ১,৯৩,১৬,৯৬৪/- | প্রশাসক, উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>নেত্রকোণা সদর, নেত্রকোণা | |
| ২৪ | বিবিধ-১ | (ক) উপজেলা পরিষদের নভেম্বর /২০২৪ মাসের আপ্যায়ন, উপজেলা পরিষদের স্থায়ী কমিটির আপ্যায়ন, আনুষঙ্গিক বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা পরিষদের বিভিন্ন অনুষ্ঠানের ব্যানার ও ফুলের তোড়া ও বিজয় দিবস/২০২৪ উপলক্ষ্যে আলোকসজ্জা বাবদ বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) উপজেলা পরিষদের পত্রিকা বিল পরিশোধ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) উপজেলা পরিষদের আসবাপত্রের মেরামত বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঙ) উপজেলা পরিষদের ড্রেন, আশ-পাশ পরিষ্কার পরিচ্ছন্নতার বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(চ) উপজেলা পরিষদ ও উপজেলা হল রুমের ইন্টারনেট বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | সরকারি নির্দেশনা মোতাবেক উল্লিখিত ব্যয়সমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মিটানোর বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ২৫ | বিবিধ-২ | গত ১৫/০২/২৪ তারিখে জাতীয় পর্যায়ে স্টিয়ারিং কমিটির আলোচনার নির্দেশনামতে সকল ইউনিয়ন পরিষদে ইউডিসির মাধ্যমে বিদেশ গমনেচ্ছুদের আবেদনের ব্যবস্থা এবং ইউডিসি প্রদত্ত সেবার নির্ধারিত মূল্য তালিকা অনুসরণের বিষয়ে আলোচনা হয়।<br><br>তাছাড়া তথ্যপ্রযুক্তি নির্ভর বাংলাদেশ বিনির্মাণে এখন থেকে অনলাইন মাধ্যম prottoyon.gov.bd থেকে নাগরিক সনদ, ওয়ারিশান সনদ, চারিত্রিক সনদসহ সকল সেবায় QR code সংবলিত সনদ প্রদানের বিষয়ে আলোচনা হয়। | (ক) ইউডিসির মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে বিদেশ গমনেচ্ছুদের আবেদন সেবা চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) ইউডিসি'র নির্ধারিত সেবামূল্য তালিকা অনুসরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) তথ্যপ্রযুক্তি নির্ভর বাংলাদেশ বিনির্মাণে এখন থেকে অনলাইন মাধ্যম prottoyon.gov.bd থেকে নাগরিক সনদ, ওয়ারিশান সনদ, | উপজেলা নির্বাহী অফিসার<br><br>চেয়ারম্যান ইউপি (সকল) |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | চারিত্রিক সনদসহ সকল সেবায় QR code সংবলিত সনদ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২৬ | বিবিধ-৩ | ডেঙ্গু মশাবাহিত রোগ নিয়ন্ত্রণে সকল বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য সংশ্লিষ্ট বাজারের ইজারাদারদের পত্র দেওয়ার জন্য সভায় আলোচনা হয়। | বাজারের ইজারাদারদের পত্র দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২৭ | বিবিধ-৪ | শিক্ষার মানোন্নয়নে প্রতিষ্ঠানে নিয়মিতভাবে (প্রতি তিনমাসে একবার) নিম্নোক্ত সভা অনুষ্ঠানের জন্য আলোচনা করা হয়।<br>(১) শিক্ষক সমাবেশ, (২) অভিভাবক/মা সমাবেশ, (৩) মাদক ও কিশোর গ্যাং বিরোধী সমাবেশ, (৪) যৌতুক নিরোধ সমাবেশ,<br>(৫) ডেঙ্গু নিরোধ/পরিবেশ সংরক্ষণ সমাবেশ, (৬) প্রাত্যহিক সমাবেশ। উক্ত সমাবেশ/সভা অনুষ্ঠান আয়োজন করে উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য আলোচনা হয়।<br>এছাড়াও ছাত্র-ছাত্রীদের মেধার বিকাশ ও সাংগঠনিক নেতৃত্বগুণ বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও মাদ্রাসা পর্যায়ে প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে নিম্নোক্ত ক্লাব গঠন ও নিয়মিত কার্যক্রম পরিচালনা বিষয়ে আলোচনা করা হয়। (১) সাইন্স ক্লাব, (২) ডিবেট ক্লাব, (৩) কালচারাল ক্লাব, (৫) কল্যাণ ক্লাব, (৬) ল্যাংগুয়েজ ক্লাব। | (ক) সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচিত সভা/সমাবেশ আয়োজন করে উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) ছাত্র-ছাত্রীদের মেধার বিকাশ, সাংগঠনিক নেতৃত্বগুণ বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও মাদ্রাসা পর্যায়ে প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে নিম্নোক্ত ক্লাব গঠন ও নিয়মিত কার্যক্রম পরিচালনা বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(১) সাইন্স ক্লাব, (২) ডিবেট ক্লাব, (৩) কালচারাল ক্লাব, (৫) কল্যাণ ক্লাব, (৬) ল্যাংগুয়েজ ক্লাব। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br><br>উপজেলা শিক্ষা অফিসার<br><br>শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল) |
| ২৮. | বিবিধ-৫ | ১৪৩১ বাংলা সনের ফেরীঘাট/নৌকাঘাট ইজারার আয় নীতিমালা অনুযায়ী সমহারে নিজস্ব আয় হিসেবে ইউনিয়ন পরিষদসমূহের অনুকূলে প্রদানের বিষয়ে আলোচনা হয়। | ১৪৩১ বাংলা সনের ফেরীঘাট/নৌকাঘাট ইজারার আয় নীতিমালা অনুযায়ী সমহারে নিজস্ব আয় হিসেবে ইউনিয়ন পরিষদসমূহের অনুকূলে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে দক্ষতা ও আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৮।১২।২০২৪

(আসিমা বিনতে রফিক)
প্রশাসক
উপজেলা পরিষদ
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা

৪ পৌষ ১৪৩১

স্মারক নম্বর : ০৫.৪৫.৭২৭৪.০০০.১৮.০০১.১৯-

তারিখ: ১৮ ডিসেম্বর ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
৫. উপজেলা................................অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৬. চেয়ারম্যান,..................................ইউনিয়ন পরিষদ (সকল), নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৭. ..........................................................................................................

১৮।১২।২০২৪
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা

CamScanner